তারিখ . 30 MAY 2015
পৃষ্ঠা ৪ কলাম ৬



# অভিজ্ঞানপত্র

ঐতিহাসিক এই সোহরাওয়ার্দী উদ্যান।
ইতিহাসের মহানায়ক বঙ্গবন্ধুর বজ্রকণ্ঠ ধ্বনিত
মুক্তিযুদ্ধের বিজয় রঞ্জিত
এই উদ্যানে বাংলার নাগরিকবৃন্দ আজ সমবেত
ইতিহাসের নবনায়ক আপনাকে
জাতির পক্ষ থেকে
অপার অভিনন্দন ও গভীর কৃতজ্ঞতা জানাতে।

আপনার রাষ্ট্রনায়কত্বের অধুনাতম বিজয়–
জাতির জনক বঙ্গবন্ধু
ও ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী যে
স্থল সীমান্ত চুক্তি সম্পাদন করেছিলেন
একচল্লিশ বছর পরে তার পুনর্জীবন ও বাস্তবায়ন।
আপনার অকুতোভয়, প্রজ্ঞাবান ও দূরদর্শী নেতৃত্বে
আমাদের জীবন ও রাষ্ট্রের প্রতিটি ক্ষেত্রে
এসেছে একের পর এক বিজয়
ইতিহাসযাত্রী নৌকার পালে সুপবন
তার বৈঠায় অব্যাহত দৃঢ় গতি।

মানুষের প্রতি আপনার অঙ্গীকার ও ভালোবাসা
রৌদ্রে ও জ্যোৎস্নায় অঙ্কিত রয়েছে
বিশাল বাংলার জনপদে জনপদে
সুখসমৃদ্ধ সমতলে পাহাড়ে পলিমাটিতে
তেরোশত নদীর প্রতি তরঙ্গ উচ্ছ্বাসে।

বঙ্গবন্ধুর অনন্য স্বপ্নবাহু আপনি।
জাতির জনকের স্বপ্নে যে সোনার বাংলা
আপনি তার রূপসৃজনের নিদ্রাহীন নিপুণ শিল্পী।
পুরোভাগে আপনি আছেন ও থাকবেন।
আপনার নেতৃত্বে এই রাষ্ট্র এই দেশ এই মানুষ
ইতিহাসের নবদিগন্তে পৌঁছে যাবেই যাবে।

গতকাল সোহরাওয়ার্দী উদ্যানে শেখ হাসিনাকে প্রদত্ত অভিজ্ঞানপত্র